**Consumer and Worker Protection**

জাতীয় উপভোক্তা সুরক্ষা সপ্তাহ (National Consumer Protection Week) এর অংশ হিসেবে ,উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) COVID-19 চলাকালীন আপনার পরিচয় ও অর্থ রক্ষা করার জন্য নিম্নলিখিত পাঁচটি পরামর্শ প্রদান করে। প্রতারকরা প্রায়ই সঙ্কটের সময়ে মানুষের দুর্বলতার সুযোগ নেয় ,তাই সম্ভাব্য প্রতারণা সম্পর্কে সচেতন থাকা এবং কিভাবে তাদের এড়িয়ে যেতে হয় তা জানা আপনার জন্য গুরুত্বপূর্ণ।

## 1. টিকাদানের প্রতারণা থেকে সাবধান থাকুন।

কোনো টিকাদানের অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য আপনাকে কখনই কোনো ডিপোজিট জমা দিতে অথবা ক্রেডিট কার্ডের তথ্য প্রদান করতে বলা হবে না। আপনাকে অর্থের বিনিময়ে টিকাদানে অগ্রিম প্রবেশাধিকারের প্রস্তাব দেওয়া হলে ,সেটি একটি প্রতারণা—কোনো অগ্রিম প্রবেশাধিকার নেই। COVID- 19এর ঝুঁকি যাদের বেশি যেমন বয়স্করা , অত্যাবশ্যক কর্মীরা ,ভিতরে ভিতরে উপলক্ষণ থাকতে পারে এমন অবস্থার মানুষেরা ,এবং আরো অনেককে পর্যায়ক্রমে এই টিকা বিতরণ করা হচ্ছে।

**গুরুত্বপূর্ণ যোগাযোগগুলি**:

- টিকা লাভের যোগ্যতা এবং টিকাদানের কেন্দ্রগুলির জন্য দেখুন **vaccinefinder.nyc.gov**।
- টিকা সংক্রান্ত কোনো প্রতারণা বা অপব্যবহারের ঘটনা নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নী জেনারেলের কাছে রিপোর্ট করতে দেখুন **ag.ny.gov/complaint-forms**।
- টিকা বিতরণ প্রক্রিয়ায় আপনি কোনো প্রতারণার সন্দেহ করলে যোগাযোগ করুন নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ) New York State Department of Health-(এর সাথে :
  - ইমেইল করুন STOPVAXFRAUD@health.ny.gov অথবা
  - কল করুন টোল-ফ্রি 833-VAX-SCAM (833-829-7226) নম্বরে

## 2. অতিরিক্ত মূল্য প্রদান এড়িয়ে যান।

COVID- 19সংক্রমণ সীমিত করে এমন কোনো জিনিস ও পরিষেবার ক্ষেত্রে মূল্য বৃদ্ধি বেআইনি।

**গুরুত্বপূর্ণ যোগাযোগগুলি**:

- আপনার যদি মনে হয় যে কোনো দোকান কোনো জিনিসের দাম অত্যধিক বৃদ্ধি করেছে তাহলেDCWP -এর কাছে অভিযোগ দায়ের করুন।
  - on.nyc.gov/overchargeতে অনলাইনে অথবা
  - 311নম্বরে ফোন করে" ওভারচার্জ) overcharge "(বলুন।
- মূল্য বৃদ্ধি সম্পর্কে আরও তথ্যের জন্য **nyc.gov/dcwp** দেখুন।

## 3. একজন বিশ্বস্ত কর সহায়ক পেশাদার খুঁজে বের করুন।

বেশিরভাগ কর সহায়ক পেশাদাররা সৎ এবং উচ্চমানের পরিষেবা দিলেও ,কিছু পেশাদার আপনাকে ঋণ নিতে বা আপনি অযোগ্য এমন কর্তনের সুবিধা নেয়ার কুপরামর্শ দিতে পারে—এটি বেআইনি। সেইসাথে ,"বড় অর্থের " ও" দ্রুত "অর্থ ফেরতের প্রতিশ্রুতি দিয়ে ,তারা তাদের ফি বাড়াতে পারে ,এবং পরিণামে আপনার কষ্টার্জিত অর্থ ফেরত ও হাত ছাড়া হয়ে যাবে। সবসময় একজন কর সহায়ক পেশাদারের থেকে একটি কর সহায়ক পেশাদার সংক্রান্ত উপভোক্তার অধিকারের বিল) Consumer Bill of Rights Regarding Tax Preparers( চান এবং আপনার কর প্রস্তুতিতে সহায়তা লাভের আগে সেটি পুংখানুপুংখভাবে পড়ে নিন। যোগ্য নিউ ইয়র্কবাসীরা বিশ্বস্ত ,পেশাদার কর সহায়কদের সাহায্যে অনলাইনে ও সামনাসামনি কর ফাইল করার পরিষেবার জন্য NYCট্যাক্স ফ্রি প্রিপ ব্যবহার করতে পারেন।

**গুরুত্বপূর্ণ যোগাযোগগুলি**:

- বিনামূল্যে আপনি যে উপায়গুলির মাধ্যমে ফাইল করতে পারেন সেগুলি জানার জন্য দেখুন **nyc.gov/TaxPrep**।

আরো>

## 4. সরকারি ভণ্ডদের খুঁজে বের করুন।

একজন সরকারি আধিকারিক বলে পরিচয় দেওয়া কোনো ব্যক্তির থেকে অর্থ চাওয়া বা ব্যক্তিগত তথ্য জানার জন্য কোনো কল , ইমেইল ,বা টেক্সট বার্তা সম্ভবত একটি প্রতারণা।

হঠকারী পদক্ষেপ নেওয়ার চাপ প্রতিহত করুন। আপনি কখনও কোনো কল বা ইমেইল সম্পর্কে নিশ্চিত না হলে ,কল বা ইমেলের বৈধতা যাচাই করতে এজেন্সির সরকারি ওয়েবসাইটে যান অথবা এজেন্সির সরকারি নম্বরে কল করুন।

উদাহরণ:

- প্রতারকরা নিজেদেরকে অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবা (Internal Revenue Service ,IRS) এর কর্মী বলে পরিচয় দেবে ও অর্থ বা ব্যক্তিগত তথ্য চাইবে। তারা দাবি করবে যে আপনার আর্থিক ক্ষতির অর্থপ্রদান (Economic Impact Payment) অর্থনৈতিক উদ্দীপক পেমেন্ট (যাতে আপনি দ্রুত পেতে পারেন তাই এগুলি প্রয়োজন। 16 ফেব্রুয়ারী ,2021 তারিখ পর্যন্ত ,সমস্ত প্রথম ও দ্বিতীয় শ্রেনীর উদ্দীপক পেমেন্ট IRS জারি করেছে। আপনি অর্থ না পেলে ,আপনি পুনঃপ্রাপ্তি ছাড়ের ক্রেডিট (Recovery Rebate Credit) এর যোগ্য হতে পারেন। আপনি 2020 সালে$ 68,000 বা তার চেয়ে কম আয় করে থাকলে ,বিনামূল্যে আপনার কর ফাইল করতে NYC ট্যাক্স ফ্রি প্রিপ ব্যবহার করুন এবং কোনো বাদ পড়া বা কম অর্থ পাওয়া উদ্দীপক পেমেন্টের জন্য পুনঃপ্রাপ্তি ছাড়ের ক্রেডিটের দাবি করুন।
- প্রতারকরা কল করে আইন বলবৎকরণ অফিসার বা NYPD প্রতিনিধি হিসেবে নিজের পরিচয় দেয় এবং আপনার পরিবারের সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানায় ও তার জামানতের জন্য গিফ্ট কার্ডের মাধ্যমে অর্থ দিতে বলে।
- প্রতারক নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগ (New York State Department of Labor) এর থেকে কল করছেন বলে জানাবে এবং“ আপনার বেকারত্বের দাবি প্রক্রিয়াকরণ ”যাচাই করার জন্য ব্যক্তিগত তথ্য চাইবে ও অর্থ দিতে বলবে।

**গুরুত্বপূর্ণ যোগাযোগগুলি**:

- বিনামূল্যে আপনি যে উপায়গুলির মাধ্যমে ফাইল করতে পারেন সেগুলি জানার জন্য দেখুন **nyc.gov/TaxPrep**।
- একটি প্রতারণার সন্দেহ রিপোর্ট করতে দেখুন **ReportFraud.ftc.gov**।

---

## 5. আপনার পরিচয় রক্ষা করুন।

ফোন ,ইমেইল ,টেক্সট ,বা সোশাল মিডিয়া সাইটগুলিতে ব্যক্তিগত তথ্য দেওয়া এড়িয়ে যান ,এবং কখনই অপরিচিত লিঙ্কে ক্লিক করবেন না। কঠিন ,ব্যক্তিগত পাসওয়ার্ড তৈরী করুন এবং শুধুমাত্র বিশ্বস্ত সূত্র থেকেই সফটওয়্যার ডাউনলোড করুন।

**গুরুত্বপূর্ণ যোগাযোগগুলি**:

- কীভাবে আপনার তথ্য রক্ষা করতে হবে তা জানতে দেখুন **identitytheft.gov**।
- আপনি নিজেকে পরিচয় চুরি ঘটনার একজন ভুক্তভোগী বলে মনে করলে এখানে **ftc.gov/idtheft** একটি অভিযোগ দায়ের করুন। আপনাকে অবশ্যই দ্রুত পদক্ষেপ নিতে হবে।
- দেখুন **nyc.gov/TalkMoney** বিনামূল্যে ,সামনাসামনি ,পেশাদার আর্থিক পরামর্শ সম্পর্কে জানতে। আপনার অর্থ ব্যবস্থাপনার জন্য একজন নিউ ইয়র্ক সিটি আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র পরামর্শকের সাথে কাজ করুন।